

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২, ২০১৩

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বিরোধ নিষ্পত্তি কমিটি) প্রবিধানমালা, ২০১২

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

১৩৯, মতিঝিল বা/এ

ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ২২ আশ্বিন ১৪১৯ বঙ্গাব্দ/০৭ অক্টোবর ২০১২ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৩৪৪-আইন/২০১২।—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৮, ধারা ৭৩ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বিরোধ নিষ্পত্তি কমিটি) প্রবিধানমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) “কর্তৃপক্ষ” অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর অধীন গঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(গ) “পদাধিকারবলে সদস্য” অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের একজন সদস্য।

(৮৫)

মূল্য : টাকা ৮.০০

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন), অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **কমিটির গঠন।**—(১) আইনের ধারা ৭৩ এর উদ্দেশ্য পূরণকল্পে, বীমাকারী ও বীমা পলিসি গ্রাহকের মধ্যে উদ্ভূত বিরোধ নিষ্পত্তির জন্য কর্তৃপক্ষ ১ (এক) জন চেয়ারম্যান, পদাধিকার বলে সদস্য ও কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত অন্যান্য ৩ (তিন) জন সদস্য সমন্বয়ে বিরোধ নিষ্পত্তি কমিটি নামে এক বা একাধিক কমিটি গঠন করিবে।

(২) কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক মনোনীত পদাধিকারবলে সদস্য কমিটিকে সহায়তা করিবেন, তবে তাহার কোন ভেটাধিকার থাকিবে না।

৪। **চেয়ারম্যান ও সদস্যদের যোগ্যতা-অযোগ্যতা, মেয়াদ, পদত্যাগ, অপসারণ ইত্যাদি।**—

(১) প্রবিধান ৩ এর অধীন গঠিত কমিটিতে চেয়ারম্যান হইবেন বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের একজন অবসরপ্রাপ্ত বিচারপতি বা জেলা জজ হিসাবে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তা, যাহার সততা এবং বীমা আইনসহ বিভিন্ন আইনের বিষয়ে ব্যাপক অভিজ্ঞতা রহিয়াছে এবং পদাধিকারবলে সদস্যসহ অন্য ৩ (তিন) জন সদস্য হইবেন কর্তৃপক্ষের বিবেচনায় বীমা বিজ্ঞান, একচুয়ারিয়াল বিজ্ঞান, অর্থ, অর্থনীতি, আইন বা হিসাববিজ্ঞানে ব্যবহারিক ও বাস্তব অভিজ্ঞতা রহিয়াছে এমন ব্যক্তি।

(২) কোন ব্যক্তি দেউলিয়া ঘোষিত হইলে বা কর্তৃপক্ষের বিবেচনায় নৈতিক স্বলন জনিত কোন অপরাধে শাস্তিপ্রাপ্ত হইলে কমিটির সদস্য হিসাবে নিয়োগ পাইবার যোগ্য হইবে না বা সদস্যপদে বহাল থাকিবেন না।

(৩) কর্তৃপক্ষের পদাধিকারবলে সদস্য ব্যতীত চেয়ারম্যান এবং অন্য তিন জন সদস্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শর্তাদি মোতাবেক নিয়োগের তারিখ হইতে ৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নিয়োগপ্রাপ্ত হইবে এবং উক্ত মেয়াদের অবসানে পরবর্তী এক বা একাধিক মেয়াদের জন্য পুনরায় নিয়োগপ্রাপ্তির যোগ্য হইবেন।

(৪) কোন মেয়াদে একজন সদস্যের পদ শূন্য হইলে কর্তৃপক্ষ উক্ত শূন্যপদ পূরণের জন্য অন্য কোন যোগ্য ব্যক্তিকে নিয়োগ প্রদান করিতে পারিবেন এবং উক্তরূপে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি তাহার পূর্ববর্তীর অবশিষ্ট মেয়াদের জন্য উক্ত পদে বহাল থাকিবেন।

(৫) কমিটির চেয়ারম্যান বা কোন সদস্য, তাহার মেয়াদ অবসানের পূর্বে, কর্তৃপক্ষের চেয়ারম্যানের বরাবরে লিখিত পত্রের মাধ্যমে স্বীয় পদ হইতে পদত্যাগ করিতে পারিবেন।

(৬) কর্তৃপক্ষ লিখিত আদেশের মাধ্যমে কোন সদস্যকে অপসারণ করিতে পারিবেন, যদি তিনি —

(ক) তাহার দায়িত্ব পালনে অস্বীকৃতি জ্ঞাপন করেন বা ব্যর্থ হন অথবা কর্তৃপক্ষের বিবেচনায় সদস্য হিসাবে দায়িত্ব পালনে অসমর্থ হন; অথবা

(খ) কর্তৃপক্ষের বিবেচনায় সদস্য হিসাবে তাহার পদের অপব্যবহার করিয়া থাকেন।

